



## আন্তঃবিশ্ববিদ্যালয় পোস্টার প্রতিযোগিতা ২০২২ এর পুরস্কার বিতরণ ও প্রদর্শনীর উদ্বোধন



১২ সেপ্টেম্বর ২০২৩-মঙ্গলবার চারুকলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে মহান বিজয় দিবস উপলক্ষে ‘বাঙালী, মুক্তিযুদ্ধ ও বিজয়গাঁথা’ শীর্ষক আন্তঃবিশ্ববিদ্যালয় পোস্টার প্রতিযোগিতা ২০২২ এর পুরস্কার বিতরণ ও প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি বলেন, “পোস্টার চিত্র ও এতে লেখা বিভিন্ন স্লোগান, বাণী, বক্তব্য মহান মুক্তিযুদ্ধসহ বিভিন্ন রাজনৈতিক আন্দোলন-সংগ্রামে আমাদের উজ্জীবিত করেছে, আলোড়িত করেছে। তাছাড়া এটি বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনেও আমাদের উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করেছে। মোদ্দাকথা, পোস্টার আমাদের রাজনৈতিক ও সমাজ জীবনকে বদলে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। যদিও যুগের প্রয়োজনে পোস্টারের রূপ বদলেছে, আরো আধুনিক হয়েছে।”

অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ছিলেন চারুকলা অনুষদ, ঢাবি এর ডিন অধ্যাপক ড. নিসার হোসেন এবং চারুকলা বিভাগ, জবি এর চেয়ারম্যান অধ্যাপক মো: আলপ্তগীন।



এছাড়াও আলোচনা পর্বে মুখ্য আলোচক হিসেবে বিশিষ্ট শিল্পতাত্ত্বিক অধ্যাপক আবুল মনসুর 'সৃজনশীল মানুষের দায়: ইতিহাসের ত্রান্তিকাল' শীর্ষক এবং সম্মানিত আলোচক হিসেবে জনাব মইনুদ্দীন খালেদ 'জনগোষ্ঠী শিল্প: পোস্টার' শীর্ষক বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য ও সঞ্চালনা করেন বিভাগীয় অধ্যাপক ড. বজলুর রশীদ খান।

এসময় বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ৯টি বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউট (ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, ইউডা বিশ্ববিদ্যালয়, নারায়নগঞ্জ চারুকলা ইনস্টিটিউট (জাতীয় বিশ্ববিদ্যালয়) ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়) এর ৭৭জন শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করে: প্রথম স্থান অর্জন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিদিশা অধিকারী, দ্বিতীয় স্থান অর্জন করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাদিয়া নিশাত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এবং তৃতীয় স্থান অর্জন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জান্নাতুল সায়মা।  
এছাড়াও বিশেষ পুরস্কার লাভ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাজমুন নাহার  
পিয়া, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের হামি ফায়রুজ হিমতী এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
অস্তি খানম।

পুরস্কার বিতরণ ও আলোচনা সভা শেষে পোস্টার প্রদর্শনীর উদ্বোধন করেন  
দেশবরেণ্য চিত্রশিল্পী ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমেরিটাস অধ্যাপক রফিকুন নবী।  
উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভবনের নিচতলায় আগামী ১৮ সেপ্টেম্বর  
পর্যন্ত উক্ত প্রদর্শনী চলবে।